

**পদার্থ বিজ্ঞান বিভাগের নবীন বরণ ও বিদায় এবং কৃতি শিক্ষার্থীদের রাজ্জাক-শামছুন বৃত্তি প্রদান অনুষ্ঠান**



৮ এপ্রিল, ২০১৯-সোমবার, সকাল ১১.৩০ মিনিটে) জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের পদার্থ বিজ্ঞান বিভাগের উদ্যোগে নবীন বরণ ও বিদায় এবং কৃতি শিক্ষার্থীদের রাজ্জাক-শামছুন বৃত্তি প্রদান অনুষ্ঠান বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় মিলনায়তনে অনুষ্ঠিত হয়। এতে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মীজানুর রহমান।

পদার্থ বিজ্ঞান বিভাগ, জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের চেয়ারম্যান অধ্যাপক ড. আইন-উল-হুদার সভাপতিত্বে অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিজ্ঞান অনুষদের ডিন অধ্যাপক ড. পেয়ার আহম্মেদ এবং রাজ্জাক-শামছুন ট্রাস্টি বোর্ড এর সদস্য ব্যারিস্টার সারোয়ার জাহান। এসময় আরো উপস্থিত ছিলেন IQAC, জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের পরিচালক অধ্যাপক ড. কামরুল আলম খান, জগন্নাথ বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির সভাপতি ও বিভাগীয় অধ্যাপক ড. দীপিকা রাণী সরকার সহ অন্যান্য শিক্ষক-শিক্ষার্থীবৃন্দ।

উল্লেখ্য পদার্থ বিজ্ঞান বিভাগের স্নাতক/ স্নাতকোত্তর পর্যায়ের কৃতি শিক্ষার্থীদের রাজ্জাক-শামছুন বৃত্তি প্রদান করা হয় এবং ১৪ তম ব্যাচের নবীন শিক্ষার্থীদের বরণ করে নেয়া হয় একই সাথে ৭ম ব্যাচের শিক্ষার্থীদের বিদায় সংবর্ধনা দেয়া হয়।